ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-২২৭
সোনামুড়া, ১৭ এপ্রিল, ২০২৫

## ড. বি আর আম্বেদকরের ১৩৫ তম জন্মজয়ন্তী
## নলছড় ব্লকে জেলাভিত্তিক আলোচনা সভা

ভারতের সংবিধান প্রণেতা, ভারতরত্ন ড. বি আর আম্বেদকরের ১৩৫ তম জন্মজয়ন্তী উদযাপন উপলক্ষে আজ নলছড় ব্লক কার্যালয়ের মিলনায়তনে সিপাহীজলা জেলাভিত্তিক এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। সিপাহীজলা জেলা প্রশাসনের উদ্যোগে এবং সোনামুড়া মহকুমা প্রশাসন ও নলছড় ব্লক প্রশাসনের সহযোগিতায় আয়োজিত এই আলোচনা সভায় উদ্বোধক হিসেবে উপস্থিত ছিলেন সিপাহীজলা জিলা পরিষদের সভাধিপতি সুপ্রিয়া দাস দত্ত, প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিধায়ক কিশোর বর্মণ, সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলাশাসক কার্যালয়ের ডি সি এম গৌতম চৌধুরী, সমাজসেবী উত্তম কুমার দাস, লোকজিত দেবনাথ। এছাড়াও উপস্থিত ছিলেন জেলার অন্তর্গত বক্সনগর, কাঁঠালিয়া, মোহনভোগ, নলছড়, বিশালগড়, চড়িলাম পঞ্চায়েত সমিতির চেয়ারম্যানগণ। ড. বি আর আম্বেদকর ও সামাজিক ন্যায়বিচার শীর্ষক এই আলোচনাসভায় উদ্বোধকের ভাষণে সভাধিপতি সুপ্রিয়া দাস দত্ত বলেন, বাবাসাহেব ভীমরাও আম্বেদকরের জীবন ও তাঁর কর্মকাহিনী আমাদের সকলের কাছে প্রেরণা স্বরূপ। তিনি বলেন, বি আর আম্বেদকরের জীবন থেকে আমরা এটাই শিখতে পারি- প্রকৃত শিক্ষায় শিক্ষিত হলে দারিদ্রকে জয় করে ও সমাজের সর্বোচ্চ জায়গায় পৌঁছানো যায়। দেশ ও জাতি গঠনে উল্লেখযোগ্য ভূমিকা রাখা যায়। তাই তিনি ছাত্র-ছাত্রীসহ অভিভাবকদের উদ্দেশ্যে বলেন, সুশিক্ষায় শিক্ষিত হয়ে সমাজ গঠনে অংশগ্রহণ করতে।

অনুষ্ঠানের প্রধান অতিথি বিধায়ক কিশোর বর্মণ বলেন, বাবা সাহেব ভীমরাও আম্বেদকর যে সংবিধান রচনা করে গেছেন তার উপর ভিত্তি করেই বর্তমান সমাজ ব্যবস্থা পরিচালিত হচ্ছে। তাই আমাদের জীবনে ড. বি আর আম্বেদকরের ভূমিকা বিশেষ তাৎপর্যপূর্ণ। আম্বেদকরের সমাজচিন্তা, চিন্তন শক্তি, দলিত অনগ্রসরদের উন্নয়নে দূরদর্শিতার সঙ্গে চিন্তাভাবনা আমাদের সকলের কাছে প্রেরণার উৎস। বিধায়ক শ্রীবর্মণ বলেন, আম্বেদকর তাঁর শৈশবে বিভিন্ন সময়ে বিভিন্নভাবে দলিত ঘরে জন্ম নেওয়ায় সামাজিক বৈষম্যের শিকার হয়েছেন। এই অভিজ্ঞতার নিরিখে তিনি নিজে সুশিক্ষিত হয়ে ভারতবর্ষ থেকে কুসংস্কার নামক সামাজিক ব্যাধি দূরীকরণে উল্লেখযোগ্য ভূমিকা রেখেছেন। তাই ভারতবাসী সব সময় তাঁর কাছে ঋণী থাকবে। অনুষ্ঠানে বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের মধ্যে আম্বেদকরের জীবনী বিষয়ে উন্মুক্ত ক্যুইজ প্রতিযোগিতা আয়োজিত হয়। উপস্থিত অতিথিবৃন্দ বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেন।

******